তারিখ 02 APR 2016
পৃষ্ঠা ৭-৮ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# আগৈলঝাড়ায় স্কুল ভবন ঝুঁকিপূর্ণ খোলা আকাশের নিচে পাঠদান

■ আগৈলঝাড়া (বরিশাল) সংবাদদাতা

আগৈলঝাড়ায় একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে পাঠদান করছে। এছাড়া ১ম থেকে ৪র্থ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পাঠদান বন্ধ করে দিয়েছে স্কুল কর্তৃপক্ষ। শুধুমাত্র ৫ম শ্রেণির শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে পাঠদান করানো হচ্ছে। আর আকাশে মেঘ দেখলেই ছুটি দেয়া হয়।

উপজেলার রত্নপুর ইউনিয়নের পূর্ব মোহনকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ১৯৯৪ সালে নির্মাণ হয়েছিল। কিন্তু নিম্নমানের কাজ হওয়ায় কয়েক বছর যেতে না যেতেই ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। ওই ঝুঁকিপূর্ণ ভবনে চারজন শিক্ষক ও শতাধিক শিক্ষার্থী প্রতিদিন ঝুঁকি নিয়ে পাঠদান করতেন। বিদ্যালয়ের ভবনের প্লাস্টার খসে পড়ে শিক্ষার্থীসহ ২০-২৫ জন আহত হয়েছেন। তিন কক্ষবিশিষ্ট ঝুঁকিপূর্ণ বিদ্যালয়টিতে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পাঠদান করানো হতো। বর্তমানে বিদ্যালয়টি এতই ঝুঁকিপূর্ণ হয়েছে যে চলতি মাসের ৬ মার্চ উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জামাল গাজী ঝুঁকিপূর্ণ বিদ্যালয়টির তিনটি কক্ষে তালা দিয়ে দেয়া হয়। বিদ্যালয়ের পাঠদানের কোনো জায়গা না থাকায় ১ম থেকে ৪র্থ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পাঠদান বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। শুধুমাত্র বিদ্যালয়টির পাশে সুধন্য বৈরাগীর বাড়ির সামনে খোলা আকাশের নিচে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান করানো হচ্ছে।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবুল কালাম শরীফ জানান, সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান গোলাম মোস্তফা সরদারকে একাধিকবার এ ব্যাপারে বলা হলেও তিনি কোনো কর্ণপাত করেননি। এছাড়াও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে একাধিকবার ভবন সংস্কারের আবেদন করলেও কোনো ব্যবস্থা নেয়নি তারা।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সিরাজুল হক তালুকদার জানান, আগৈলঝাড়া উপজেলা পরিষদের সমন্বয় সভায় 'পূর্ব মোহনকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবন সংস্কার এবং এডিপির অর্থায়নে ওই বিদ্যালয় মাঠে একটি টিনসেড ঘর নির্মাণ করে শিক্ষার্থীদের পাঠদানে ব্যবস্থার দাবি জানিয়েছেন।